সূরা কাওছারের মূল বক্তব্যঃ

কাওছার অর্থ- অধিক বিপুল সীমাহীন। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পুত্র কাসিম যখন মারা যায় তখন আরবের মুশরিকরা পরস্পরে বলতে আরাম্ভ করল মুহাম্মদ (সা:) নির্বংশ, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতে অন্তরে ব্যথা পান। মহান আল্লাহ তায়ালা তার প্রিয় হাবীব সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সান্তনা দেওয়ার জন্য এ সূরা নাযিল করে বলেন। হে নবী আমি আপনাকে কাওছার দান করেছি। যার পানি দুধের চেয়েও সাদা এবং মেশক অপেক্ষা অধিক সুগন্ধময়। মধু অপেক্ষাও অধিক মিষ্টি। যে তা একবার পান করবে সে কখনো তৃষ্ণা অনুভব করবে না।

অতএব আপনি আপনার রবের নামে সালাত পড়ুন এবং কুরবানী করুন, নিশ্চয় আপনার দুশমনরাই শিকড় কাটা।

সূরা কাউসার
মক্কায় অবতীর্ণ : আয়াত-৩

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ (١) فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ (٢) اِنَّ شَانِئَكَ هُوَ الْاَبْتَرُ (٣)

اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ (١)

অর্থ : নিশ্চয়ই আমি আপনাকে কাওসার দিয়েছি।

শব্দ	অর্থ
اِنَّآ	নিশ্চয়ই আমি
اَعْطَيْنٰكَ	আপনাকে দিয়েছি
الْكَوْثَرَ	কাওসার

فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ (٢)

অর্থ : অতএব আপনার রবের উদ্দেশ্যে নামাজ পড়ুন ও কুরবানী করুন।

শব্দ	অর্থ
فَصَلِّ	অতএব আপনি নামাজ পড়ুন
لِرَبِّكَ	আপনার রবের জন্য/উদ্দেশ্যে
وَ	এবং
انْحَرْ	কুরবানী দিন

اِنَّ شَانِئَكَ هُوَ الْاَبْتَرُ (٣)

অর্থ : যে আপনার শত্রু নিশ্চয়ই সে শিকড় কাটা (নির্বংশ)।

শব্দ	অর্থ
اِنَّ	নিশ্চয়ই
شَانِئَكَ	আপনার শত্রু
هُوَ	সেই
الْاَبْتَرُ	শিকড় কাটা (নির্বংশ)

IQRA ONLINE MADRASA

সূরা কাফিরূন

মক্কায় অবতীর্ন আয়াত-৬

সূরা কাফিরূনের মূল বক্তব্য :

তাফসীরের বিভিন্ন কিতাবে বর্ণিত আছে মক্কার কাফেররা মহান আল্লাহ তায়ালার বাণী প্রচার বন্ধ করতে ব্যর্থ হওয়ার পর কতিপয় কুরাইশ নেতারা আপোষের উদ্দেশ্যে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে প্রস্তাব পেশ করে বলে, হে মুহাম্মাদ! কিছু দিন আপনি আমাদের ধর্মের ইবাদাত করুন। আর আমরাও কিছু দিন আপনার ধর্মের ইবাদাত করি। এত উভয়ের মধ্যে সম্পর্ক মজবুত হবে।

মহান আল্লাহ তায়ালা তাদের এ বাতিল প্রস্তাবের প্রতিবাদস্বরুপ এ সূরা নাযিল করলেন। আল্লাহ বলেন, হে নবী! আপনি তাদের কে বলে দিন; তোমাদের সাথে আমার কোন আপোষ নেই, সুতরাং তোমাদের ধর্ম তোমরা পালন কর। আর আমার ধর্ম আমি পালন করি।

মূলত এ সূরায় বিশ্বের মুসলিম জাতিকে নির্ভেজাল তাওহীদের ঘোষনা দিয়ে আপোষহীন, শিরিক মুক্ত ইবাদতের প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে।

সূরা কাফিরূন
মক্কায় অবতীর্ণ : আয়াত-৬

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ يٰٓاَيُّهَا الْكٰفِرُوْنَ(١) لَآ اَعْبُدُ مَا تَعْبُدُوْنَ(٢) وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ(٣) وَلَآ اَنَا عَابِدٌ مَّا عَبَدْتُّمْ(٤) وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ(٥) لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ(٦)

قُلْ يٰٓاَيُّهَا الْكٰفِرُوْنَ(١)

অর্থ : বলুন, হে কাফিরেরা!

শব্দ	অর্থ
قُلْ	বলুন
يٰٓاَيُّهَا	ওহে/হে
الْكٰفِرُوْنَ	কাফিরেরা (অবিশ্বাসীগণ)

لَآ اَعْبُدُ مَا تَعْبُدُوْنَ(٢)

অর্থ : আমি ইবাদাত করি না, তোমরা যার (যাদের) ইবাদাত কর।

শব্দ	অর্থ
لَآ اَعْبُدُ	আমি ইবাদাত করি না
مَا	যাদের
تَعْبُدُوْنَ	তোমরা ইবাদাত কর

وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ(٣)

অর্থ : এবং তোমরাও ইবাদাতকারী নও, যাঁর ইবাদাত আমি করি।

শব্দ	অর্থ
وَلَآ	এবং না
اَنْتُمْ	তোমরা
عٰبِدُوْنَ	ইবাদাতকারী
مَآ	যার
اَعْبُدُ	আমি ইবাদাত করি

وَلَآ اَنَا عَابِدٌ مَّا عَبَدْتُّمْ(٤)

অর্থ : এবং আমি ইবাদাতকারী নই, যাদের ইবাদাত তোমরা কর।

শব্দ	অর্থ
وَلَآ	এবং না
اَنَا	আমি
عَابِدٌ	ইবাদাতকারী
مَّا	যার/যাদের
عَبَدْتُّمْ	তোমরা ইবাদাত কর

IQRA ONLINE MADRASA

وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ(٣)

অর্থ : এবং তোমরা ইবাদাতকারী নও, যাঁর ইবাদাত আমি করি।

শব্দ	অর্থ
وَلَآ	এবং না
اَنْتُمْ	তোমরা

ইবাদাতকারী	عٰبِدُوْنَ
যার	مَآ
আমি ইবাদাত করি	اَعْبُدُ

لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ(٦)

অর্থ : তোমরাদের জন্য তোমাদের দ্বীন (কর্মফল) এবং আমার জন্য আমার দ্বীন (কর্মফল)।

অর্থ	শব্দ
তোমরাদের জন্য	لَكُمْ
তোমাদের দ্বীন	دِيْنُكُمْ
এবং আমার জন্য	وَلِيَ
আমার দ্বীন	دِيْنِ

সূরা নাসর
মদীনায় অবতীর্ন আয়াত-৩

ISRA ONLINE MADRASA

সূরা নাসরের মূল বক্তব্য ঃ

নাসর অর্থ সাহায্য। অধিকাংশ মুফাস্‌সিরগণের মতে এ সূরা বিদায় হজ্জের সফরে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর সর্বশেষ সূরা হিসাবে নাযিল হয়। উহা কে সূরাতুল বিদা-ও বলা হয়।

সুতরাং বিশ্বের বুকে ইসলাম প্রতিষ্ঠিত হওয়া এবং আরবের মাটি হতে শিরিক ও পৌত্তলিকতা চিরতরে বিদায় হওয়ার পূর্বাভাস। এবং নবীয়ে রহমত হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ জগৎ হতে চিরতরে বিদায় হওয়ার বিদায়ী সংকেত।

বিখ্যাত সাহাবী হযরত আবু হুরাইরা (রা:) বলেন এ সূরা নাযিল হওয়ার পর নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতো অধিক পরিমান ইবাদাত করতেন যে তার পা মোবারক ফুলে যেত।

বর্ণিত আছে, এ সূরা নাযিলের পর মাত্র ৭০ দিন বা তিন মাসের মত সময় নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জীবিত ছিলেন বলে বিভিন্ন সূত্রে প্রমান পাওয়া যায়।

সূরা নাসর
মদীনায় অবতীর্ণ : আয়াত-৩

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ(١) وَرَاَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ فِيْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا(٢) فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ اِنَّهٗ كَانَ تَوَّابًا(٣)

اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ(١)

অর্থ : যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয়।

শব্দ	অর্থ
اِذَا	যখন
جَآءَ	আসবে
نَصْرُ	সাহায্য
اللّٰهِ	আল্লাহ
وَ	ও
الْفَتْحُ	বিজয়

وَرَاَيْتَ النَّاسَ يَدْخُلُوْنَ فِيْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا(٢)

অর্থ : এবং আপনি মানুষকে আল্লাহর দ্বীনে দলে দলে প্রবেশ করতে দেখবেন,

শব্দ	অর্থ
وَ	এবং

IQRA ONLINE MADRASA

আপনি দেখবেন	رَاَيْتَ
মানুষকে	النَّاسَ
প্রবেশ করতে	يَدْخُلُوْنَ
মধ্যে	فِيْ
দ্বীন (ধর্ম)/ইসলাম	دِيْنِ
আল্লাহ	اللّٰهِ
দলে দলে	اَفْوَاجًا

فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ اِنَّهٗ كَانَ تَوَّابًا (٣)

অর্থ : তখন আপনি প্রশংসা সহকারে আপনার রবের গুনকীর্তন করুন এবং ক্ষমা প্রার্থনা করুন; বস্তুতপক্ষে তিনিই ক্ষমাকারী।

শব্দ	অর্থ
فَسَبِّحْ	তখন আপনি গুনকীর্তন করুন
بِحَمْدِ	প্রশংসা সহকারে
رَبِّكَ	আপনার রবের
وَاسْتَغْفِرْهُ	এবং ক্ষমা প্রার্থনা করুন
اِنَّهٗ	নিশ্চয়ই তিনি
كَانَ	হন (বস্তুত)
تَوَّابًا	অনুতাপ (তওবা) গ্রহণকারী (ক্ষমাকারী)

IQRA ONLINE MADRASA

সূরা লাহাব

মক্কায় অবর্তীন : আয়াত - ৫, রুকু -১

সূরা লাহাবের মূল বক্তব্য : মহান আল্লাহ তায়ালার পক্ষ থেকে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দীর্ঘ ৪০ বছর বয়সে নবুওয়াত লাভের পর প্রথম তিন বছর পর্যন্ত গোপনে ইসলামের দাওয়াত দিয়েছেন। অতঃপর আল্লাহ তায়ালার পক্ষ থেকে প্রকাশ্যে ইসলামের দাওয়াতের অনুমতি পেয়ে দাওয়াতের জন্য সাফা পাহারের চূড়ায় উঠে তিনি বিভিন্ন গোত্রের নাম ধরে ডাকতে থাকেন। আরবের সর্বজনস্বীকৃত এ মহান ব্যক্তির আওয়াজ পেয়ে বিভিন্ন গোত্রের ব্যক্তিবর্গ একে একে পাহারের চূড়ায় এসে সমবেত হল। তখন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপস্থিত সকলের প্রতি লক্ষ্য করে বলতে থাকেন হে লোক সকল! আমি যদি তোমাদেরকে একথা বলি যে, এই পাহাড়ের অপর প্রান্তে একদল শত্রুবাহিনী লুকিয়ে আছে। যেকোন সময় তোমাদের উপর আক্রমণ করতে পারে। তাহলে কি তোমরা আমার কথা বিশ্বাস করবে? উপস্থিত জনতা সমকণ্ঠে বলে উঠল, কেন নয়? অবশ্যই বিশ্বাস করব। কারণ আমরা কখনো আপনার থেকে মিথ্যা কথা শুনতে পাইনি, আপনি কাউকে ধোকা দেননি, করো সাথে প্রতারণাও করেননি।

তখন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সাবধান! সাবধান!! শুনে রাখো। যদি তোমরা বহু খোদা ও প্রতিমা পূজা থেকে দূরে না থাকো, এবং এক আল্লাহর অনুগত্য স্বীকার না করো, তাহলে অচিরেই তোমাদের উপর মহান আল্লাহর পক্ষ থেকে এক কঠিন আজাব নেমে আসছে। এ কথা শুনার সংঙ্গে সংঙ্গে নবীজির চাচা আবু লাহাব বলে উঠলো; তুমি ধ্বংস হও এ কারনেই কি আমাদের কে একত্রিত করছ?

কোন কোন বর্ণনায় আছে তখন আবু লাহাব একটি প্রস্থর খন্ড নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দিকে নিক্ষেপ করেছিল।

অতএব আল্লাহ তায়ালা তার প্রতিবাদস্বরুপ এ সূরা নাযিল করে বলেন আবু লাহাব ধ্বংস হোক তার স্ত্রী ও সমস্ত ধন সম্পদ ধ্বংস হোক।

সূরা লাহাব

মক্কায় অবতীর্ণ : আয়াত-৫

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

تَبَّتْ يَدَآ اَبِيْ لَهَبٍ وَّتَبَّ(١) مَآ اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ(٢) سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ(٣) وَّامْرَاَتُهٗ ۭحَمَّالَةَ الْحَطَبِ(٤) فِيْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ(٥)

تَبَّتْ يَدَآ اَبِيْ لَهَبٍ وَّتَبَّ(١)

অর্থ : ধ্বংস হোক আবু লাহাবের হস্তদ্বয় এবং ধ্বংস হোক সে নিজেও।

শব্দ	অর্থ
تَبَّتْ	ধ্বংস হোক
يَدَآ	হস্তদ্বয়
اَبِيْ لَهَبٍ	আবু লাহাবের
وَّتَبَّ	এবং সে নিজেও ধ্বংস হোক

مَآ اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ(٢)

অর্থ : তার কোন উপকারে আসেনি তার ধন সম্পদ এবং যা সে উপার্জন করেছে।

শব্দ	অর্থ
مَآ اَغْنٰى	উপকারে আসেনি
عَنْهُ	তার পক্ষে
مَالُهٗ	তার ধনসম্পদ
وَمَا	এবং যা
كَسَبَ	সে উপার্জন করেছে

سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ(٣)

অর্থ : অচিরেই তাকে লেলিহান শিখা বিশিষ্ট জাহান্নামের আগুনে পোড়ানো হবে।

শব্দ	অর্থ
سَيَصْلٰى	অচিরেই তাকে পোড়ানো হবে
نَارًا	আগুনে
ذَاتَ لَهَبٍ	লেলিহান শিখা বিশিষ্ট

وَامْرَاَتُهٗ حَمَّالَةَ الْحَطَبِ(٤)

অর্থ : এবং তার স্ত্রীও, যে অগ্নিকাষ্ঠ বহন করে।

শব্দ	অর্থ
وَامْرَاَتُهٗ	এবং তার স্ত্রীও
حَمَّالَةَ	বহন করে
الْحَطَبِ	অগ্নিকাষ্ঠ

فِيْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ(٥)

অর্থ : তার ঘাড়ের চতুর্দিকে খেজুর পাতার আঁশের রশি বেষ্টন করে আছে।

শব্দ	অর্থ
فِيْ	চতুর্দিকে
جِيْدِهَا	তার ঘাড়ের
حَبْلٌ	রজ্জু/রশি
مِّنْ	এর
مَّسَدٍ	খেজুরের পাতার আঁশ

সূরা-ইখলাস

মক্কায় অবতীর্ণ আয়াত- ৪

সূরা ইখলাসের মূল বক্তব্যঃ

ইখলাস অর্থ বিশুদ্ধতা, নির্ভেজাল তাওহীদ শিক্ষা দেয়াই এ সূরার মূল উদ্দেশ্য। জাহিলী যুগে মানুষ মহান আল্লাহ তায়ালা সর্ম্পকে সঠিক ধারনার অভাবে অগনিত দেব-দেবী তথা মূর্তি, সূর্য, অগ্নি তুলসী ইত্যাদির পুজা শুরু করে। এমন কি আহলে কিতাবধারীরাও তা হতে রেহাই পায়নি।

বিশ্বমানবতার কল্যাণকামী রাসূলে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে এসব ছেড়ে এক আল্লাহর একত্ববাদের দাওয়াত দিতে শুরু করলে তারা অন্ধের ন্যায় বলতে শুরু করে আল্লাহ কে? তার শক্তি কেমন? কে তার জন্মদাতা?

আল্লাহ তায়ালা তাদের জবাবে এ সূরা নাযিল করে বলেন, হে নবী! আপনি বলুন আল্লাহ এক ও অদ্বিতীয় তিনি কারো মুখাপেক্ষী নন। তিনি কাউকে জন্ম দেননি এবং কেউ তাকে জন্ম দেয়নি। এবং তার সমতুল্য কেউ নেই।

IQRA
OLIPUR MADRASA

সূরা ইখলাস

মক্কায় অবতীর্ণ : আয়াত-৪

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ هُوَاللّٰهُ اَحَدٌ(١) اَللّٰهُ الصَّمَدُ(٢) لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ(٣) وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ(٤)

قُلْ هُوَاللّٰهُ اَحَدٌ(١)

অর্থ : আপনি বলুন, তিনি আল্লাহ এক।

শব্দ	অর্থ
قُلْ	আপনি বলুন

তিনি	هُوَ
আল্লাহ	اللّٰهُ
এক	اَحَدٌ

اَللّٰهُ الصَّمَدُ(২)

অর্থ : আল্লাহ কারো মুখাপেক্ষী নন।

অর্থ	শব্দ
আল্লাহ	اَللّٰهُ
অমুখাপেক্ষী	الصَّمَدُ

لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ(৩)

অর্থ : তিনি কাউকে জন্ম দেননি এবং কেউ তাঁকে জন্ম দেয়নি।

অর্থ	শব্দ
নি	لَمْ
জন্ম দেন	يَلِدْ
এবং না	وَلَمْ
কেউ তাঁকে জন্ম দেয়	يُوْلَدْ

وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ(৪)

অর্থ : এবং তাঁর সমতুল্য কেহই নাই।

অর্থ	শব্দ
এবং না	وَلَمْ
হয়/আছে	يَكُنْ
তাঁর	لَّهٗ

IQRA ONLINE MADRASA

كُفُوًا	সমতুল্য
اَحَدٌ	কেহ/একজন

সূরা ফালাক ও নাস

মক্কায় অবতীর্ণ, আয়াত ১১

সূরা-নাস ও ফালাকের মূল বক্তব্যঃ

এ সূরা দ্বয়ের নাম দুটি ভিন্ন ভিন্ন হলে ও মূল আলোচনা এক। সহীহ বুখারী ও মুসলীম শরীফে বর্ণিত আছে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ৭ম হিজরীর দিকে যখন ইহুদীদের মাঝে ব্যাপক তাওহীদের দাওয়াত দিতে শুরু করেন। তখন তারা নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হকের দাওয়াত থেকে দূরে রাখতে বিভিন্ন প্রকার ক্ষতি করার জন্য উঠে পড়ে লাগল। এমনকি কতিপয় ইহুদী লাবীদ ইবনে আসাম ও তার সাথীরা নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যাদু করে বসে। এতে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন। যার ফলে তিনি কাজ করেও মনে হয়েছে তা করেনি। আর কোন কাজ না করেও খেয়াল হয়েছে তা করেছেন।

এরই এলাজ স্বরুপ মহান আল্লাহ তায়ালা আলোচ্য সূরাদ্বয় নাযিল করেন। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পাঠ করতে বলেন। তিনি উক্ত সূরাদ্বয়ের ১১ টি আয়াত পাঠ করার সাথে পরিপূর্ণ সুস্থ হয়ে উঠেন।

অতএব আমাদের করনীয় মানুষ ও জ্বিন শয়তানের সর্ব প্রকার অনিষ্ট থেকে সর্বদা মুক্ত থাকার জন্য সকাল সন্ধ্যায় এ সূরাদ্বয় তেলাওয়াত করা।

সূরা ফালাক

মক্কায় অবতীর্ণ : আয়াত-৫

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ(١) مِنْ شَرِّ مَا خَلَقَ(٢) وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ(٣) وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ(٤) وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ(٥)

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ(١)

অর্থ : আপনি বলুন, আমি আশ্রয় চাই ঊষার স্রষ্টার।

শব্দ	অর্থ
قُلْ	আপনি বলুন
اَعُوْذُ	আমি আশ্রয় চাই
بِرَبِّ	স্রষ্টার
الْفَلَقِ	ঊষা

مِنْ شَرِّ مَا خَلَقَ(٢)

অর্থ : তিনি যা সৃষ্টি করেছেন, তার অনিষ্ট থেকে।

শব্দ	অর্থ
مِنْ	থেকে/হতে
شَرِّ	অনিষ্ট
مَا	যা
خَلَقَ	তিনি সৃষ্টি করেছেন

IQRA ONLINE MADRASA

وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ(٣)

অর্থ : এবং অন্ধকারের (রাতের) অনিষ্ট থেকে যখন উহা সমাগত হয়।

শব্দ	অর্থ
وَمِنْ	এবং থেকে
شَرِّ	অনিষ্ট
غَاسِقٍ	অন্ধকার (রাত)
اِذَا	যখন
وَقَبَ	সমাগত হয়

وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِي الْعُقَدِ(৪)

অর্থ : এবং ফুৎকারকারীদের অনিষ্ট থেকে যারা গ্রন্থিতে ফুঁ দিয়ে অনিষ্ট করে।

শব্দ	অর্থ
وَمِنْ	এবং থেকে
شَرِّ	অনিষ্ট
النَّفّٰثٰتِ	ফুৎকারকারী
فِي	তে, মধ্যে
الْعُقَدِ	গ্রন্থি

وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ(৫)

অর্থ : এবং হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে।

শব্দ	অর্থ
وَمِنْ	এবং থেকে
شَرِّ	অনিষ্ট
حَاسِدٍ	হিংসুক
اِذَا	যখন
حَسَدَ	সে হিংসা করে

IQRA ONLINE MADRASA

সূরা নাস
মক্কায় অবতীর্ণ : আয়াত-৬

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ(১) مَلِكِ النَّاسِ(২) اِلٰهِ النَّاسِ(৩) مِنْ شَرِّ الْوَسْوَاسِ ۙ الْخَنَّاسِ(৪) الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ(৫) مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ(৬)

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ(١)

অর্থ : আপনি বলুন, আমি আশ্রয় চাই, মানুষের পালনকর্তার কাছে।

শব্দ	অর্থ
قُلْ	আপনি বলুন
اَعُوْذُ	আমি আশ্রয় চাই
بِرَبِّ	পালনকর্তার
النَّاسِ	মানুষের

مَلِكِ النَّاسِ(٢)

অর্থ : মানুষের মালিকের কাছে।

শব্দ	অর্থ
مَلِكِ	মালিক/অধিপতি
النَّاسِ	মানুষ

اِلٰهِ النَّاسِ(٣)

অর্থ : মানুষের মাবুদের কাছে।

শব্দ	অর্থ
اِلٰهِ	মাবুদ/উপাস্য
النَّاسِ	মানুষ

مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ(٤)

অর্থ : কুমন্ত্রণাদানকারীর অনিষ্ট থেকে যে কুমন্ত্রণা দিয়ে আত্মগোপন করে (সরে পড়ে)।

শব্দ	অর্থ
مِنْ	থেকে, হতে

شَرِّ	অনিষ্ট
الْوَسْوَاسِ	কুমন্ত্রণাদাতা
الْخَنَّاسِ	আত্মগোপনকারী

الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ(٥)

অর্থ : যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে।

শব্দ	অর্থ
الَّذِىْ	যে
يُوَسْوِسُ	কুমন্ত্রণা দেয়
فِىْ	মধ্যে
صُدُوْرِ	অন্তর
النَّاسِ	মানুষ

مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ(٦)

অর্থ : জ্বিন ও মানুষের মধ্য হতে।

ONLINE MADRASA

শব্দ	অর্থ
مِنَ	মধ্য হতে
الْجِنَّةِ	জ্বিন
وَالنَّاسِ	ও মানুষ

সূরা আলাক

মক্কায় অবতীর্ণ : আয়াত ১৯

সূরা আলাকের মূল বক্তব্য :

পবিত্র কুরআনের প্রথম ওহী সূরা আলাকের প্রথম ৫ আয়াত। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হেরা গুহায় আল্লাহর ইবাদাত বন্দিগীতে

মগ্ন থাকা অবস্থায় হঠাৎ হযরত জিবরাঈল আ. এসে বললেন, হে মুহাম্মাদ! পড়ুন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি পড়তে জানি না। তখন জিবরাঈল আ. নবীজিকে ধরে এমন ভাবে চাপ দিলেন যে, তাঁর দম বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হলো। তিনি এভাবে দুইবার করলেন। তৃতীয়বারের সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এই সূরার প্রথম ৫টি আয়াত শুনালেন।

প্রথম আয়াতে আল্লাহ তায়ালা মানব জাতির বড় অস্ত্র জ্ঞানার্জনের নীতিমালা বর্ণনা করেছেন। আর দ্বিতীয় অংশে কাফির মুশরিকদের বেপরোয়া আচরণের আযাবের বর্ণনা প্রদান করেছেন এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তাঁর কাজের ব্যাপারে কাফেরদের সাথে আপোষহীনভাবে চলার নির্দেশ প্রদান করেছেন।

সূরা আলাক

মক্কায় অবতীর্ণ : আয়াত ১৯

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ ۚ﴿١﴾ خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ ۚ﴿٢﴾ اِقْرَاْ وَرَبُّكَ الْاَكْرَمُ ۙ﴿٣﴾
الَّذِىْ عَلَّمَ بِالْقَلَمِ ۙ﴿٤﴾ عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ؕ﴿٥﴾ كَلَّآ اِنَّ الْاِنْسَانَ لَيَطْغٰٓى ۙ﴿٦﴾ اَنْ
رَّاٰهُ اسْتَغْنٰى ؕ﴿٧﴾ اِنَّ اِلٰى رَبِّكَ الرُّجْعٰى ؕ﴿٨﴾ اَرَءَيْتَ الَّذِىْ يَنْهٰى ۙ﴿٩﴾ عَبْدًا اِذَا صَلّٰى ؕ﴿١٠﴾
اَرَءَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰٓى ۙ﴿١١﴾ اَوْ اَمَرَ بِالتَّقْوٰى ؕ﴿١٢﴾ اَرَءَيْتَ اِنْ كَذَّبَ وَتَوَلّٰى ؕ﴿١٣﴾ اَلَمْ
يَعْلَمْ بِاَنَّ اللّٰهَ يَرٰى ؕ﴿١٤﴾ كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ ۙ لَنَسْفَعًۢا بِالنَّاصِيَةِ ۙ﴿١٥﴾ نَاصِيَةٍ كَاذِبَةٍ
خَاطِئَةٍ ۚ﴿١٦﴾ فَلْيَدْعُ نَادِيَهٗ ۙ﴿١٧﴾ سَنَدْعُ الزَّبَانِيَةَ ۙ﴿١٨﴾ كَلَّا لَا تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ ۩﴿١٩﴾

اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ ۚ﴿١﴾

অর্থ : পাঠ করুন আপনার পালনকর্তার নামে, যিনি সৃষ্টি করেছেন।

শব্দ	অর্থ
اِقْرَاْ	পড়ুন

بِاسْمِ	নামে
رَبِّكَ	আপনার পালনকর্তার
الَّذِىْ	যিনি
خَلَقَ	সৃষ্টি করেছেন

خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ ۚ﴿٢﴾

অর্থ : সৃষ্টি করেছেন মানুষকে জমাট রক্ত থেকে।

শব্দ	অর্থ
خَلَقَ	সৃষ্টি করেছেন
الْاِنْسَانَ	মানুষকে
مِنْ	থেকে
عَلَقٍ	জমাট রক্ত

اِقْرَاْ وَرَبُّكَ الْاَكْرَمُ ۙ﴿٣﴾

অর্থ : পড়ুন, আপনার পালনকর্তা বড়ই অনুগ্রহশীল।

শব্দ	অর্থ
اِقْرَاْ	পড়ুন
وَرَبُّكَ	এবং আপনার পালনকর্তা
الْاَكْرَمُ	বড়ই অনুগ্রহশীল

الَّذِىْ عَلَّمَ بِالْقَلَمِ ۙ﴿٤﴾

অর্থ : যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন।

শব্দ	অর্থ
الَّذِىْ	যিনি

শিক্ষা দিয়েছেন	عَلَّمَ
কলমের ব্যবহার (কলমের সাহায্যে)	بِالْقَلَمِ

عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ۝

অর্থ : তিনি মানুষকে শিক্ষা দিয়েছেন যা সে জানতো না।

শব্দ	অর্থ
عَلَّمَ	শিক্ষা দিয়েছেন
الْاِنْسَانَ	মানুষকে
مَا	যা
لَمْ يَعْلَمْ	সে জানতো না

كَلَّآ اِنَّ الْاِنْسَانَ لَيَطْغٰٓى ۝

অর্থ : কখনো না, অবশ্যই মানুষতো সীমা লংঘন করেই থাকে।

শব্দ	অর্থ
كَلَّآ	কখনো না
اِنَّ	বস্তুত/অবশ্যই
الْاِنْسَانَ	মানুষ
لَيَطْغٰٓى	সীমালংঘন করেই থাকে

اَنْ رَّاٰهُ اسْتَغْنٰى ۝

অর্থ : কারণ সে নিজেকে অভাবমুক্ত (অমুখাপেক্ষী) মনে করে।

শব্দ	অর্থ
اَنْ	কারণ
رَّاٰهُ	সে নিজেকে মনে করে

IQRA ONLINE MADRASA

اسْتَغْنٰى	অভাবমুক্ত

إِنَّ إِلٰى رَبِّكَ الرُّجْعٰى ۝٨

অর্থ : নিশ্চয় আপনার পালনকর্তার দিকেই প্রত্যাবর্তন হবে।

শব্দ	অর্থ
اِنَّ	নিশ্চয়
اِلٰى	নিকট/দিকে
رَبِّكَ	আপনার পালনকর্তা
الرُّجْعٰى	প্রত্যাবর্তন

أَرَءَيْتَ الَّذِى يَنْهٰى ۝٩

অর্থ : আপনি কি তাকে দেখেছেন যে নিষেধ করে

শব্দ	অর্থ
اَرَءَيْتَ	আপনি কি দেখেন
الَّذِىْ	তাকে যে
يَنْهٰى	নিষেধ করে

عَبْدًا إِذَا صَلّٰى ۝١٠

অর্থ : এক বান্দাকে যখন সে সালাত আদায় করে (নামাজ পড়ে)

শব্দ	অর্থ
عَبْدًا	এক বান্দা
اِذَا	যখন
صَلّٰى	সালাত আদায় করে

IQRA ONLINE MADRASA

اَرَءَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰٓى ۝

অর্থ : আপনি কি দেখেছেন যদি সে সৎপথে থাকে

শব্দ	অর্থ
اَرَءَيْتَ	আপনি কি দেখেছেন
اِنْ	যদি
كَانَ	সে হয়
عَلَى	উপর
الْهُدٰٓى	সৎপথ

اَوْ اَمَرَ بِالتَّقْوٰى ۝

অর্থ : অথবা জোরালোভাবে খোদাভীতির নির্দেশ দেয়।

শব্দ	অর্থ
اَوْ	অথবা
اَمَرَ	জোরালো নির্দেশ দেয়
بِالتَّقْوٰى	তাকওয়ার (খোদাভীতির)

اَرَءَيْتَ اِنْ كَذَّبَ وَتَوَلّٰى ۝

অর্থ : আপনি কি দেখেছেন, যদি সে মিথ্যা আরোপ করে ও মুখ ফিরিয়ে নেয়।

শব্দ	অর্থ
اَرَءَيْتَ	আপনি কি দেখেছেন
اِنْ	যদি
كَذَّبَ	সে অস্বীকার করে

এবং	وَ
মুখ ফিরিয়ে নেয়	تَوَلّٰى

اَلَمْ يَعْلَمْ بِاَنَّ اللّٰهَ يَرٰى ۝

অর্থ : সে কি জানে না যে, আল্লাহ দেখছেন?

অর্থ	শব্দ
সে কি জানে না	اَلَمْ يَعْلَمْ
যে	بِاَنَّ
আল্লাহ	اللّٰهَ
দেখছেন	يَرٰى

كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ لَنَسْفَعًۢا بِالنَّاصِيَةِ ۝

অর্থ : কখনো নয়, যদি সে বিরত না হয়, তবে আমি অবশ্যই তাকে তার মাথার সম্মুখ ভাগের কেশগুচ্ছ ধরে হেঁচড়িয়ে নিয়ে যাব।

অর্থ	শব্দ
কখনো নয় (সাবধান)	كَلَّا
যদি	لَئِنْ
সে বিরত থাকে না	لَّمْ يَنْتَهِ
অবশ্যই আমি তাকে হেঁচড়িয়ে নিয়ে যাব	لَنَسْفَعًۢا
মাথার সম্মুখ ভাগের কেশগুচ্ছ ধরে	بِالنَّاصِيَةِ

نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ ۝

অর্থ : মিথ্যাবাদী পাপীর কেশগুচ্ছ

IQRA ONLINE MADRASA

শব্দ	অর্থ
نَاصِيَةٍ	কেশগুচ্ছ
كَاذِبَةٍ	মিথ্যাবাদী
خَاطِئَةٍ	পাপী

فَلْيَدْعُ نَادِيَهُ ﴿١٧﴾

অর্থ : অতএব সে তার পার্শ্বচরদের আহ্বান করুক।

শব্দ	অর্থ
فَلْيَدْعُ	অতএব সে আহ্বান করুক
نَادِيَهُ	তার পার্শ্বচরদের

سَنَدْعُ الزَّبَانِيَةَ ﴿١٨﴾

অর্থ : আমিও আহ্বান করবো জাহান্নামের প্রহরীদের

শব্দ	অর্থ
سَنَدْعُ	আমিও আহ্বান করবো
الزَّبَانِيَةَ	জাহান্নামের প্রহরীদের

كَلَّا لَا تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ ﴿١٩﴾

অর্থ : কখনোই নয়, আপনি তার আনুগত্য করবেন না। আপনি সিজদাহ করুন ও আমার নিকটবর্তী হউন।

শব্দ	অর্থ
كَلَّا	কখনো না
لَا	করবেন না
تُطِعْهُ	তার আনুগত্য

বরং, সিজদাহ করুন	وَاسْجُدْ
ও আমার নিকটবর্তী হউন	وَاقْتَرِبْ

সূরা ক্বদর

মক্কায় অবতীর্ণ : আয়াত ৫

সূরা ক্বদরের মূল বক্তব্য

একদা নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের মজলিসে বনী ইসরাঈলের এক দরবেশের আমলের কাহিনী বর্ণনা করলেন। সে দরবেশ একটানা ৮৪ বছর অথবা এক হাজার মাস রাতে আল্লাহর ইবাদাত বন্দেগীতে কাটিয়েছেন এবং দিনের বেলায় আল্লাহর রাহে জিহাদ করেছেন। এঘটনা শুনে সাহাবায়ে কেরাম বিস্ময় বোধ করলেন এবং মনে মনে অনুশোচনা করে বললেন, আদি কালের লোকেরা দীর্ঘ দিন বেঁচে থেকে আল্লাহর ইবাদাত বন্দেগী করত আর আমরা তো অল্প দিন আয়ু লাভ করি। সত্যিই আমরা হতভাগ্য। তাদের এ অনুশোচনার জবাবে আল্লাহ তায়ালা এ সূরা নাযিল করেন। ঘোষণা দেন আমি তোমাদের জন্য এমন একটি রজনী দান করেছি যা হাজার মাসের চেয়েও উত্তম। (তাফসীরে ইবনে কাসীর, তাফসীরে জালালাইন-৫২৯)

IQRA ONLINE MADRASA

সূরা ক্বদর

মক্কায় অবতীর্ণ : আয়াত ৫

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةِ الْقَدْرِ ۚ﴿١﴾ وَمَآ اَدْرٰىكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ۙ﴿٢﴾ لَيْلَةُ الْقَدْرِ ۙ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ ۚ﴿٣﴾ تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ۚ مِنْ كُلِّ اَمْرٍ ۚ﴿٤﴾ سَلٰمٌ ۛ هِيَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ ۧ﴿٥﴾

اِنَّآ اَنْزَلْنٰهُ فِيْ لَيْلَةِ الْقَدْرِ ۚ﴿١﴾

অর্থ : নিশ্চয়ই আমি ইহা (আল-কুরআন) অবতীর্ণ করেছি ক্বদরের রাতে।

অর্থ	শব্দ
নিশ্চয়ই আমি	اِنَّآ
ইহা অবতীর্ণ (নাযিল) করেছি	اَنْزَلْنٰهُ
মধ্যে	فِيْ
রাত	لَيْلَةِ
ক্বদর	الْقَدْرِ

وَمَآ اَدْرٰىكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ۝

অর্থ : ক্বদরের রাত সম্বন্ধে আপনি কি জনেন?

অর্থ	শব্দ
এবং কি	وَمَآ
আপনি জানেন	اَدْرٰىكَ
কি-সে	مَا
রাত	لَيْلَةُ
ক্বদরের	الْقَدْرِ

IQRA ONLINE MADRASA

لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ ۝

অর্থ : ক্বদরের রাত হাজার মাস অপেক্ষা উত্তম।

অর্থ	শব্দ
রাত	لَيْلَةُ
ক্বদরের	الْقَدْرِ
উত্তম	خَيْرٌ
হতে	مِّنْ

হাজার	اَلْفِ
মাস	شَهْرٍ

تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ۚ مِنْ كُلِّ اَمْرٍ ۙ﴿۴﴾

অর্থ : ঐ রাতে প্রত্যেক কাজের জন্য ফেরেশতাগণ ও রূহ অবতীর্ণ হয়, তাঁদের পালনকর্তার অনুমতিক্রমে।

শব্দ	অর্থ
تَنَزَّلُ	অবতীর্ণ হয়
الْمَلٰٓئِكَةُ	ফেরেশতাগণ
وَالرُّوْحُ	এবং রূহ (জিবরাঈল আ.)
فِيْهَا	তার মধ্যে
بِاِذْنِ	অনুমতিক্রমে
رَبِّهِمْ	তাঁদের পালনকর্তার
مِنْ	জন্য
كُلِّ	প্রত্যেক
اَمْرٍ	কাজ

IQRA ONLINE MADRASA

سَلٰمٌ هِيَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ ﴿۵﴾

অর্থ : শান্তি আর শান্তি যা ফজরের আবির্ভাব হওয়া পর্যন্ত বিদ্যমান থাকে।

শব্দ	অর্থ
سَلٰمٌ	শান্তি
هِيَ	সে

حَتّٰى	পর্যন্ত
مَطْلَعِ	উদয় হওয়া
الْفَجْرِ	ফজর

সূরা আলাম নাশরাহ
মক্কায় অবতীর্ণ : আয়াত ৮

সূরা আলাম নাশরাহ-এর মূল বক্তব্য : এ সূরার মূল বক্তব্য হল, আল্লাহ তাআলার পক্ষ থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সান্তনা দান। এ সূরা তাকে তিনটি বড় নেয়ামত দান করা হয়েছে। যার মাধ্যমে তিনি বিজয় লাভকে হাতের মুঠোয় এনেছিলেন। ১. বক্ষের প্রশস্ততা। ২. ভারী বোঝা হালকা করে দেয়া। ৩. সুনাম-সুখ্যাতি পুরো বিশ্বে ছড়ি দেয়া।

সূরা আলাম নাশরাহ
মক্কায় অবতীর্ণ : আয়াত ৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ۝١ وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ۝٢ الَّذِيْٓ اَنْقَضَ ظَهْرَكَ ۝٣ وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ۝٤ فَاِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۝٥ اِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۝٦ فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ ۝٧ وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ ۝٨

اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ۝١

অর্থ : (হে রাসূল !) আমি কি তোমার কল্যাণে তোমার বক্ষ খুলে দেইনি?

শব্দ	অর্থ
اَ	কি
لَمْ نَشْرَحْ	খুলে দেইনি

তোমার কল্যাণে	لَكَ
তোমার বক্ষ	صَدْرَكَ

وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ۝

অর্থ : আমি তোমার থেকে অপসারণ করেছি সেই ভার–

অর্থ	শব্দ
আমি অপসারণ করেছি	وَوَضَعْنَا
তোমার থেকে	عَنْكَ
সেই ভার	وِزْرَكَ

الَّذِيْٓ اَنْقَضَ ظَهْرَكَ ۝

অর্থ : যা তোমার কোমর ভেঙ্গে দিচ্ছিল।

অর্থ	শব্দ
যা	الَّذِيْٓ
ভেঙ্গে দিচ্ছিল	اَنْقَضَ
তোমার কোমর	ظَهْرَكَ

IQRA ONLINE MADRASA

وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ۝

অর্থ : এবং আমি তোমার কল্যাণে তোমার চর্চাকে উচ্চ মর্যাদা দান করেছি।

অর্থ	শব্দ
এবং আমি উচ্চ মর্যাদা দান করেছি	وَرَفَعْنَا
তোমার কল্যাণে	لَكَ
তোমার চর্চাকে	ذِكْرَكَ

فَاِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۙ

অর্থ : প্রকৃতপক্ষে কষ্টের সাথে স্বস্তিও থাকে।

শব্দ	অর্থ
فَاِنَّ	প্রকৃতপক্ষে
مَعَ	সাথে
الْعُسْرِ	কষ্টের
يُسْرًا	স্বস্তি থাকে

اِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۙ

অর্থ : নিশ্চয়ই কষ্টের সাথে স্বস্তিও থাকে।

শব্দ	অর্থ
اِنَّ	নিশ্চয়ই
مَعَ	সাথে
الْعُسْرِ	কষ্টের
يُسْرًا	স্বস্তিও থাকে

IQRA ONLINE MADRASA

فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ ۙ

অর্থ : সুতরাং তুমি যখন অবসর পাও, তখন (ইবাদতে) নিজেকে পরিশ্রান্ত কর।

শব্দ	অর্থ
فَاِذَا	সুতরাং যখন
فَرَغْتَ	তুমি অবসর পাও
فَانْصَبْ	তখন (ইবাদতে) নিজেকে পরিশ্রান্ত কর

وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ ۝

অর্থ : এবং নিজ প্রতিপালকের প্রতিই মনোযোগী হও।

শব্দ	অর্থ
وَاِلٰى	এবং প্রতি
رَبِّكَ	নিজ প্রতিপালকের
فَارْغَبْ	মনোযোগী হও

مَجْلِسُ فِقْهٍ خَيْرٌ مِّنْ عِبَادَةِ سِتِّيْنَ سَنَةً

“ইল্‌মে দ্বীন শিক্ষার একটি মাজলিস ৬০ বৎসরের ইবাদাত হইতে উত্তম

ONLINE MADRASA

তৃতীয় অধ্যায়
দলিলসহ নামাজের মাসায়েল

নামাজ বিশুদ্ধ করার উপায়

নামাজবিশুদ্ধ করার জন্য প্রথম শর্ত হচ্ছে অযু বিশুদ্ধ ভাবে সুন্নাত তরীকায় ধীরস্থিরতার সাথে করা। যার অযু যত সুন্দর হবে তার নামাজও তত সুন্দর হবে। যদি কারো অযু তাড়াহুড়ার দরুন সুন্নাতের খেলাফ হয়। তাহলে মনে রাখতে হবে নামাজে তার একাগ্রতা নষ্ট হবে।

তাই আসুন, আমরা নামাজেউদাসীনতা দূর করে মনোযোগ সৃষ্টি করতে সুন্নাত তরীক্বায় অযু শিখি ।

অযুর মাসায়েল

অযুর ফরজসমূহ

অযুতে ৪ ফরজ। যথা–

১. সমস্ত মুখ ধোয়া।
২. উভয় হাত কনুইসহ ধোয়া।
৩. মাথার চারভাগের একভাগ মাসাহ করা।
৪. উভয় পা টাখনুসহ ধোয়া। (সূরা মায়েদা)

IQRA ONLINE MADRASA

অযু করার সুন্নাত ত্বরিকা

১.পবিত্রতার নিয়ত করা ও বিসমিল্লাহ বলে ওযু শুরু করা। (তিরমিযী)
২.উভয় হাত কব্জিসহ তিন বার ধোয়া। (সহীহ মুসলিম: ১/১২০)
৩.মিসওয়াক করা। (সহীহ মুসলিম)
৪.তিন বার কুলি করা। (সহীহ মুসলিম)
৫.তিন বার নাকে পানি দেয়া। (সহীহ মুসলিম)
৬.প্রতিটি অঙ্গ তিনবার করে ধৌত করা।(সহীহ মুসলিম)

৭. এক অঙ্গ শুকিয়ে যাওয়ার পুর্বে অন্য অঙ্গ ধৌত করা। (ইজমায়ে উম্মত)
৮. সমস্ত মাথা কানসহ মাসাহ করা। (তিরমিযী : ১/৭)
৯. মাথার অগ্রভাগ থেকে মাসাহ শুরু করা।
১০. দাড়ির নিচ দিয়ে খিলাল করা। (তিরমিযী : ১/৬)
১১. আঙ্গুল খিলাল করা। (তিরমিযী : ১/৭)
১২. ওযুর মধ্যে ধারাবহিকতা রক্ষা করা। (ইজমায়ে উম্মাত)
১৩. গরদান মাসাহ করা।
১৪. ওযুর শেষে কালিমায়ে শাহাদাৎ পড়া।

বি. দ্র. হাদীস শরীফে বর্ণিত আছে, যে ব্যক্তি অযুর শুরুতে এ দোয়া পাঠ করবে-

بِسْمِ اللهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلَا اِلٰهَ اِلَّا اللهُ وَاللهُ اَكْبَرُ

তাহলে অযু ভঙ্গ হওয়া পর্যন্ত ফেরেশতারা তার জন্য মাগফিরাতের দোয়া করতে থাকে । (সুবহানাল্লাহ)
আর অযুর শেষে কালিমায়ে শাহাদাত পাঠ করলে তার জন্য জান্নাতের ৮ টি দরজা উন্মুক্ত করে দেওয়া হয় । (সুবহানাল্লাহ)
কালিমায়ে শাহাদাৎ-

اَشْهَدُ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ.

IQRA ONLINE MADRASA

গোসলে ৩ ফরজ

১. গড়গড়াসহ কুলি করা। (তবে রোজা অবস্থায় গড়গড়া করিবে না)
২. নাকে পানি দেয়া।
৩. সমস্ত শরীর ধৌত করা।

গোসলের সুন্নাত ত্বরিকা

গোসল করার সময় প্রথমে ইস্তিঞ্জা করে নিবে, অতঃপর পবিত্রতা অর্জনের নিয়তে উভয় হাত ধুয়ে নিয়ে শরীর ও কাপড় থেকে নাপাকী দূর করবে। তারপর হাত ভালো করে পরিষ্কার করে নিবে। অতঃপর নামাজের অযুর মত অযু করে নিবে। অযুর সময় ভালোভাবে গড়গড়া করবে এবং নাকের

নরম জায়গা পর্যন্ত পানি পৌঁছাবে। অযুর শেষে মাথায় পানি ঢালবে। অতঃপর ডান কাঁধে ও বাম কাঁধে পানি ঢালবে। এভাবে তিনবার সম্পূর্ণ শরীর ভালোভাবে ঘষে গোসল শেষ করবে।

নারী পুরুষ উভয়ের গোসলের নিয়ম একই। তবে মেয়েদের খোপা বাঁধা থাকলে চুলের গোড়ায় পানি পৌঁছলে তা খোলা জরুরী নয়। কিন্তু পুরুষের চুল সম্পুর্ণ খোলা রাখতে হবে। উপরন্তু মেয়েদের নাক ও কানের অলংকার পড়ার ছিদ্রে যাতে পানি পৌঁছে তা লক্ষ্য রাখতে হবে।

গোসলের পর নতুন করে অযু করার প্রয়োজন নেই।

(প্রমাণ : ফাতওয়ায়ে দারুল উলূম, ১ : ১৪৬ # শামী ১ : ১১৯)

তায়াম্মুমে ৩ ফরজ

১. পবিত্রতার নিয়ত করা।
২. সমস্ত মুখ একবার মাসাহ করা।
৩. দুই হাতের কনুইসহ একবার মাসাহ করা। (সূরা মায়েদা-৬)

অজু ভঙ্গের কারণ ৭টি

১. পায়খানা বা পেশাবের রাস্তা দিয়ে কোন কিছু বের হওয়া। (সূরা মায়েদা-৬)
২. মুখ ভরে বমি করা।
৩. শরীরের ক্ষতস্থান হতে রক্ত, পুঁজ বা পানি বের হয়ে গড়িয়ে পড়া।
৪. থুথুর সাথে রক্তের ভাগ সমান বা বেশি হওয়া।
৫. চিৎ বা কাঁৎ হয়ে হেলান দিয়ে ঘুম যাওয়া।
৬. পাগল, মাতাল বা অচেতন হওয়া।
৭. নামাজে উচ্চস্বরে হাসা।

দলিল : (তিরমিযী : ১/১৪)

IQRA ONLINE MADRASA

সুন্নাত তরীকায় নামাজ

সুন্নাত তরীকায় সঠিক পদ্ধতিতে নামাজ আদায় বলতে আমরা যা বুঝি তা হচ্ছে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আদায়কৃত নামাজ। যা তিনি সাহাবায়ে কেরাম কে হাতে কলমে শিক্ষা দিয়ে ঘোষণা করেছেন, তোমরা নামাজ আদায় কর যে ভাবে আমাকে নামাজ আদায় করতে দেখ।

তাই আসুন নামাজের সকল ফরজ ও সুন্নাত পরিপূর্ণ পাবন্দীর সাথে রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দেখানো সুন্নাত তরীকায় নামাজ আদায় করি ।

নামাজের মাসায়েল

নামাজের ফরজ সমূহ

নামাজে ১৩ ফরজ

১. শরীর পাক।
২. কাপড় পাক।
৩. নামাজের জায়গা পাক।
৪. ছতর ঢাকা।
৫. কিবলামুখী হওয়া।
৬. ওয়াক্ত মতো নামাজ আদায় করা।
৭. নামাজের নিয়ত করা।

IQRA ONLINE MADRASA

নামাজের ভিতরে ৬ ফরজ

৮. তাকবীরে তাহ্‌রীমা (اَللّٰهُ اَكْبَرُ) বলা।
৯. দাড়িয়ে নামাজ পড়া।
১০. কেরাত পড়া।
১১. রুকু করা।
১২. দুই সিজদা করা।
১৩. আখেরি বৈঠক।

দলিল : (বুখারী : ১/৫০)

[**বি:দ্রঃ** নামাজের মধ্যে উপরোক্ত কোন একটি ফরজ ইচ্ছায় বা অনিচ্ছায় ছুটে গেলে পূনরায় নামাজ আদায় করতে হবে।]

নামাজের ওয়াজিব সমূহ

১. সূরা ফাতিহা পাঠ করা।
২. সূরা ফাতিহার সঙ্গে সূরা মিলানো।
৩. কেরাত আস্তের জায়গায় আস্তে পড়া এবং জোরের জায়গায় জোরে পড়া।
৪. রুকুতে স্থির থাকা।
৫. রুকু হতে উঠে সোজা হয়ে দাড়ানো।
৬. সিজদাতে স্থির থাকা।
৭. প্রথম সিজদার পর স্থির হয়ে বসা।
৮. দ্বিতীয় রাকাতে বৈঠক করা।
৯. প্রতি বৈঠকে তাশাহহুদ পড়া।
১০. আখেরী বৈঠক। (শেষ বৈঠক)
১১. বিতর নামাজে দোয়ায়ে কুনুত পড়া।
১২. প্রত্যেক রাকাআতের ফরজসমুহের তারতীব ঠিক রাখা।
১৩. প্রত্যেক রাকাআতের ওয়াজিব সমূহের তারতীব ঠিক রাখা।
১৪. اَلسَّلَامُ عَلَيْكُمْ বলে নামাজ শেষ করা।

দলিল: (রদ্দুল মুখতার:১/৪৫৮), (ফতোয়ায়ে শামী: ১/৪৬৯)

[**বি:দ্রঃ** নামাজের মধ্যে উপরোক্ত কোন একটি ওয়াজিব অনিচ্ছাকৃত ছুটে গেলে সাহু সিজদাহ দিয়ে নামাজসম্পন্ন করতে হবে এবং ইচ্ছাকৃত ছেড়ে দিলে নামাজ ভেঙ্গে যাবে]

নামাজের সুন্নাত সমূহ

১. দুই পায়ের মাঝে কমপক্ষে চার আঙ্গুল পরিমাণ ফাঁকা রেখে দাড়ানো।
২. তাকবিরে তাহরিমার সময় উভয় হাত কানের লতি বরাবর উঠানো।
৩. ডান হাতকে বাম হাতের উপর রেখে তাহরীমাহ বাঁধা।
৪. ছানা পড়া।

৫. কেরাতের পূর্বে আউযুবিল্লাহ পড়া।
৬. প্রত্যেক নামাজের প্রথম রাকাতে বিসমিল্লাহ পড়া।
৭. সূরা ফাতিহার পর আমীন বলা।
৮. তাহমীদ (سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا لَكَ الحَمْدُ..) পাঠ করা।
৯. তাকবীর বলা।
১০. রুকু ও সিজদায় কমপক্ষে তিনবার তাসবীহ পড়া।
১১. রুকুতে দুই হাঁটু শক্ত করে ধরা।
১২. রুকুতে পিঠ,মাথাও কোমর এবং পায়ের গোছা ও উরু সমান রাখা।
১৩. সিজদায় পায়ের গোড়ালি খাড়া করে রাখা।
১৪. বসা অবস্থায় বাম পা বিছিয়ে দেওয়া ডান পা খাড়া রাখা।
১৫. শেষ বৈঠকে দুরূদ পড়া।
১৬. প্রথমে ডান দিকে ও পরে বাম দিকে সালাম ফিরানো।

দলিল: (ত্বহাবী শরীফ:১/১১৪),তিরমিযী শরীফ

[**বি. দ্র.** নামাজের মধ্যে কোন সুন্নাত ছুটে গেলে সাওয়াব কম হয় তবে নামাজ পুনরায় পড়তে হয় না বা সাহু সেজদা দেয়া লাগে না।]

নামাজ ভঙ্গের কারণসমূহ

১. নামাজে অশুদ্ধ তেলাওয়াত পড়া।
২. নামাজের ভিতর কথা বলা।
৩. কোন লোককে সালাম দেয়া।
৪. সালামের উত্তর দেয়া।
৫. উহ! আহ শব্দ করা।
৬. বিনা ওজরে কাশি দেয়া।
৭. আমলে কাসীর করা।
৮. বিপদে কি বেদনায় শব্দ করে কাঁদা।
৯. তিন তাসবীহ পরিমাণ সময় সতর খুলে থাকা।
১০. মুক্তাদি ব্যতীত অপর ব্যক্তির লোকমা গ্রহন করা।
১১. সুসংবাদ ও দুঃসংবাদের উত্তর দেয়া।
১২. নাপাক জায়গায় সিজদা করা।

IQRA ONLINE MADRASA

১৩. ক্বিবলার দিক হতে সিনা ঘূরে যাওয়া।
১৪. নামাজের কুরআন শরীফ দেখে পড়া।
১৫. নামাজে শব্দ করে হাসা।
১৬. নামাজে দুনিয়াবী কোন কিছু প্রার্থণা করা।
১৭. হাঁচির উত্তর দেয়া।
১৮. নামাজে খাওয়া ও পান করা।
১৯. ইমামের আগে মুক্তাদী দাঁড়ানো। (মুক্তাদী ইমাম হতে এগিয়ে দাঁড়ানো।)

اَوَّلُ مَا يُحَاسَبُ بِهِ الْعَبْدُ يَوْمَ الْقِيَامَةِ الصَّلٰوةُ

কিয়ামাতের দিন সর্বপ্রথম বান্দার নামাযের হিসাব হইবে।

(তিবরানী)

IQRA ORPHANAGE MADRASA

চতুর্থ অধ্যায়
হাদিসে বর্ণিত ফযিলতপুর্ণ কিছু নামাজ

তাহাজ্জুদ নামাজের ফযিলত

১.আল্লাহ তায়ালা বলেন, যে ব্যাক্তি রাতের বেলা সিজদার মাধ্যমে অথবা দাড়িয়ে ইবাদাত করে, পরকালে আশঙ্কা রাখে এবং তার রবের অনুগ্রহ প্রত্যাশা করে সে কি তার সমান যে এমনটি করে না? (সূরা আয-যুমার-৯)

২. হযরত আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ফরজ নামাজের পর সমস্ত নফল নামাজের মধ্যে সবচেয়ে বেশি মর্যাদার নামাজ হলো গভীর রাত্রেরনামাজ। অর্থাৎ তাহাজ্জুদ নামাজ। (মুসলিম শরীফ : হাদীস নং১১৬৩)

৩. তোমাদের নিয়মিত তাহাজ্জুদ নামাজ পড়া উচিৎ,এটি তোমাদের পুর্ববর্তী নেককার লোকদের অভ্যাস। এই নামাজ তোমাদেরকে মহান আল্লাহ তায়ালার নিকট পৌছে দিবে, ভুল-ত্রুটিগুলো মিটিয়ে দিবে,গুণাহ থেকে বাচিয়ে রাখবে এবং শরীর থেকে রোগ দুর করবে। (তিরমিযী: ৩৫৪৯)

৪.হযরত আবু মালেক আশআরী রা. বলেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, জান্নাতে এমন কিছু সুন্দর কামরা রয়েছে যার ভিতর থেকে বাহিরে দেখা যায়। আর বাহির থেকে ভিতর দেখা যায়। আল্লাহ তায়ালা সেগুলো ঐসব মানুষের জন্য তৈরী করেছেন যারা মেহমানদারী করে, বেশী বেশী সালাম দেয় এবং রাতে নামাজ পড়ে যখন অন্যরা ঘুমিয়ে থাকে। (সহীহ ইবনে হিব্বান : হাদীস নং ২৬২)

তাহাজ্জুদ নামাজের সময়

তাহাজ্জুদ অর্থ ঘুম থেকে জাগ্রত হওয়া,রাত্রি জাগরণ করা ইত্যাদি। তবে ফকিহগণ বলেছেন, রাতের বেলা যেকোনো নফল নামাজই তাহাজ্জুদ বলে গণ্য হবে, এর জন্য ঘুমানো শর্ত নয়,তবে সর্বসম্মতিক্রমে তাহাজ্জুদ নামাজের উত্তম সময় হলো শেষ রাত।

ফায়দা : তাহাজ্জুদ নামাজের সময় দোয়া কবুল হয়। হযরত আবু হুরাইরা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ তায়ালা রাতের তৃতীয়াংশে প্রথম আসমানে এসে বলতে থাকেন, কে আছো আমার কাছে দোয়া করবে? আমি তার দোয়া কবুল করব। কে আছো আমার কাছে রিযিক চাইবে আমি তাকে রিযিক দিবো। এভাবে আল্লাহ তায়ালা ফজর পর্যন্ত ডেকে ডেকে বলতে থাকেন। (তিরমিযী শরীফ : হাদীস নং ৩৪৯৮)

সালাতুত্ তাসবীহ-এর ফযিলত

রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার আপন চাচা হযরত আব্বাস রা. কে বললেন, হে আমার চাচা! আমি আপনাকে এমন একটি আমলের কথা বলবো যা আদায় করার দ্বারা আল্লাহ তায়ালা আপনার অতীত ও ভবিষ্যতের নতুন পুরাতন, ইচ্ছায় অনিচ্ছায়, ছোট বড়, প্রকাশ্য অপ্রকাশ্য সকল প্রকার গুনাহ ক্ষমা করে দিবেন।

সেই আমলটি হলো : ৪ রাকাত নামাজ সালাতুত তাসবীহের নিয়তে পড়বেন। যদি সম্ভব হয় প্রতিদিন বা সাপ্তাহে, মাসে, বৎসরে অথবা জীবনে একবার পড়বেন। (মেশকাত শরীফ : হাদীস নং ১৩২৮)

সালাতুত্ তাসবীহ পড়ার নিয়ম

এই নামাজ অন্যান্য নফল নামাজের মতই পড়তে হয়। তবে পার্থক্য শুধু এতে নিম্নোক্ত তাসবীহটি ৩০০ বার পড়তে হয়।

سُبْحَانَ اللهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلَا اِلٰهَ اِلَّا اللهُ وَاللهُ اَكْبَرُ

নিয়ত : আমি সালাতুত তাসবীহের চার রাকাত নফল নামাজ আদায় করছি اَللّٰهُ اَكْبَرْ।

এরপর ছানা পড়ে উক্ত দোয়া ১৫ বার পড়তে হবে।

তারপর আঅযুবিল্লাহ ও বিসমিল্লাহসহ সূরা ফাতিহা ও অন্য সূরা মিলানো

তারপর রুকুতে যাওয়ার আগে ১০ বার পড়তে হবে।

তারপর রুকুতে গিয়ে রুকুর তাসবীর পর ১০ বার,

অত:পর দাড়িয়ে ১০ বার।

অতঃপর সিজদায় গিয়ে সিজদার তাসবীর পর ১০ বার পড়তে হবে।

এবং প্রথম সেজদা থেকে উঠে বসে ১০ বার পড়তে হবে।

আবার দ্বিতীয় সিজদার তাসবীর পর ১০ বার পড়তে হবে।

এই হলো মোট ৭৫ বার। এ নিয়মে আরো তিন রাকাত পড়তে হবে। আর দোয়া হবে মোট ৭৫×৪=৩০০ বার। (আহকামে জিন্দেগী:২৩১-২৩২)

ইশরাকের নামাজের ফযিলত

হযরত আনাস রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি ফজরের নামাজের পর সূর্য উঠা পর্যন্ত যিকির-আযকারে মশগুল থেকে দুই রাকাত ইশরাকের নামাজ আদায় করে তার আমল নামায় এক হজ্ব ও এক ওমরার সাওয়াব লিখে দেওয়া হয়। (তিরমিযী শরীফ : হাদীস নং ৫৮৬)

অন্য হাদীসে বর্ণিত আছে, হযরত আবু দারদা রা. থেকে বর্ণিত, ইশরাকের নামাজের ব্যাপারে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ তায়ালা ইরশাদ করেন, হে আদম সন্তান! তুমি দিনের প্রথমাংশে আমার জন্য চার রাকাত নামাজ পড় আমি তোমার জন্য যথেষ্ট হয়ে যাবো। (আবু দাউদ শরীফ : হাদীস নং ১২৯১)

চাশতের নামাজের ফযিলত

হযরত আনাস রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি চাশতের দুই রাকাত নামাজ আদায় করবে। তাকে গাফেলদের অন্তর্ভুক্ত করা হবে না। আর ৪ রাকাত পড়লে তাকে ইবাদাতকারীদের দলভুক্ত করা হবে। ৬ রাকাত পড়লে ঐ দিন তার নফল ইবাদতের জন্য যথেষ্ট হয়ে যাবে। ৮ রাকাত পড়লে আল্লাহ তায়ালা তার জন্য জান্নাতে একটি স্বর্ণের বালাখানা তৈরি করবেন। (তিরমিযী শরীফ : হাদীস নং ৪৭৩)

হযরহত আবু যর রা: হতে বর্ণিত, নবীকারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তোমাদের প্রত্যেকের প্রতিটি অঙ্গ প্রত্যঙ্গের জোড়া - গ্রন্থির উপর সদকা রয়েছে। অতএব,এর জন্য প্রত্যেক তাসবীহ সদকা হবে, প্রত্যেক তাহলিল (লা ইলাহা ইল্লাল্লাহ) বলা সদকা হবে,প্রত্যেক তাহমিদ (আলহামদুলিল্লাহ) বলা সদকা হবে।প্রত্যেকটি তাকবীর সদকা হবে।ভালো কাজের আদেশ করা সদকা হবে,মন্দ কাজ হতে নিষেধ সদকা হবে। আর এর প্রত্যেকটির জন্য চাশতের দুই রাকাত নামাজই যথেষ্ট হবে। (সহীহ মুসলিম: ৭২০)

চাশতের নামাজের সময়

আনুমানিক সূর্য্য উদয়ের দুইঘন্টা। পর থেকে দ্বি-প্রহর পর্যন্ত।

আওয়াবীন নামাজের ফযিলত

হযরত আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি মাগরীবের পর ছয় রাকাত নামাজ পড়বে যার মাঝে সে কোন (মন্দ) কথা বলবে না তার আমল নামায় ১২ বছর নফল ইবাদাত করার সাওয়াব দেওয়া হবে। (সহীহ ইবনে খুযাইমা : হাদীস নং ২০৭)

উল্লেখ্য, আওয়াবীন নামাজ পড়ার ক্ষেত্রে মাগরিবের ফরজের পর স্বতন্ত্রভাবে ৬ রাকাত পড়া উত্তম। তবে যদি কেউ খুব ব্যস্ততার দরুন সুন্নাতসহ ৬ রাকাত পড়ে তাহলেও আওয়াবীনের সাওয়াব পাওয়া যাবে।

সালাতুল হাজত নামাজের ফযিলত

হাদীস শরীফে বর্ণিত আছে, হযরত আব্দুল্লাহ ইবনে আবী আওফা রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহর নিকট বান্দার বিশেষ কোন প্রয়োজন দেখা দিলে (অথবা শারীরিক-মানসিক কোন পেরেশানী দেখা দিলে) উত্তমরূপে অযু করে দুই রাকাত নফল নামাজ পড়বে। অতঃপর আল্লাহ তায়ালার প্রশংসা ও দুরূদ শরীফ পাঠ করে মনের আশা আল্লাহ তায়ালার দরবারে ব্যক্ত করবে। অবশ্যই আল্লাহ তায়ালা বান্দার হাজত পূর্ণ করবেন। (তিরমিযী শরীফ : হাদীস নং ৪৭৯)

❖ উল্লেখ্য, অযু করার পর যে কোন নফল বা সুন্নাত নামাজে তাহিয়্যাতুল অযু, সালাতুল হাজত বা দুখুলুল মসজিদ এর নিয়ত করা যায় এবং সাওয়াবের আশা করা যায়। তবে ভিন্ন ভিন্ন ভাবে আদায় করে নেয়া উত্তম।

ইস্তিখারার নামাজ

হযরত জাবের (রা:) বলেন, নবী করীম (সা:) আমাদেরকে এমনভাবে ইস্তিখারা শিখাতেন,যেভাবে শিখাতেন কুরআনের কোনো সূরা।নবী কারীম (সা:) বলেছেন, তোমাদের কেউ যদি কোনো গুরুত্বপূর্ণ কাজের ইচ্ছা করে তখন সে যেনো দুই রাকাত (নফল) ইস্তেখারার নামাজ পড়ে।

অন্য হাদীস শরীফে বর্ণিত আছে, কোন গুরুত্বপূর্ণ কাজের ভালো মন্দ আল্লাহর পক্ষ হতে জানার ইচ্ছা করলে উত্তমরূপে অযু করে দুই রাকাত নফল নামাজ পড়ে এই দোয়া মনোযোগ সহকারে পড়বে এবং যে স্থানে اَنَّ هٰذَا الْاَمْرَ বর্ণিত হয়েছে সেস্থানে اَلْاَمْرَ উচ্চারণ করার সময় নিজের উদ্দেশিত কাজটির কথা স্মরণ করবে। এভাবে তিন/পাঁচ/সাত দিন করলে আল্লাহর ইচ্ছায় ভালো হলে মন ঐদিকে আকর্ষণ করবে আর মন্দ হলে অন্তরে খারাপ লাগবে। (বুখারী শরীফ : দুরূদ ১১৬৬)

ইস্তিখারার দোয়া

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْتَخِيْرُكَ بِعِلْمِكَوَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيْمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلَا أَقْدِرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ وَأَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ۔ اَللّٰهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هٰذَا الأَمْرَ خَيْرٌ لِيْ فِيْ دِيْنِيْ وَمَعَاشِيْ وَعَاقِبَةِ أَمْرِيْ أَوْ عَاجِلِ أَمْرِيْ وَاٰجِلِهٖ فَاقْدُرْهُ لِيْ وَيَسِّرْهُ لِيْ ثُمَّ بَارِكْ لِيْ فِيْهِ وَإِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هٰذَا الأَمْرَ شَرٌّ لِيْ فِيْ دِيْنِيْ وَمَعَاشِيْ وَعَاقِبَةِ أَمْرِيْ أَوْ عَاجِلِ أَمْرِيْ وَاٰجِلِهٖ فَاصْرِفْهُ عَنِّيْ وَاصْرِفْنِيْ عَنْهُ وَاقْدُرْ لِيَ الْخَيْرَ حَيْثُ كَانَ ثُمَّ اَرْضِنِيْبِهٖ.

তওবার নামাজ

হাদিস শরীফে বর্ণিত আছে, কারো থেকে গুনাহ হওয়ার পর নবী কারীম (সা:) তাকে তাওবার উদ্দেশ্যে নামাজ পড়ার উৎসাহ দিয়েছেন। তিনি আরও বলেন, যে ব্যাক্তি কোনো গুণাহ করার পর উত্তমরুপে ওযু করে ২ রাকাত নফল নামাজ পড়ে এবং মহান আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করে, মহান আল্লাহ তায়ালা তার গুণাহ ক্ষমা করে দেন। (আবু দাউদ-১/২১২)

IQRA ONLINE MADRASA

জুম'আর দিনের বিশেষ ৭ টি আমল

যেগুলোর উপর আমল করলে প্রতি কদমে এক বৎসরের নফল রোযা এবং এক বৎসরের নফল নামাজ পড়ার সাওয়াব হাসিল হয়। পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ সেরে গোসল করা।

১. উত্তম পোষাক পরিধান করা।
২. তাড়াতাড়ি মসজিদে যাওয়া।
৩. মসজিদে পায়ে হেঁটে যাওয়া।
৪. ইমামের কাছাকাছি বসার চেষ্টা করা।
৫. অহেতুক কথা-বার্তা কিংবা অন্য কিছু না করা।
৬. আত্তাহিয়্যাতুর সুরতে বসে মনোযোগ সহকারে খুৎবা শোনা।
৭. মনোযোগ সহকারে খুৎবা শ্রবণ করা।

জুম'আর দিনের আরো কয়েকটি আমল

১. সূরা কাহাফ তিলাওয়াত করা।
২. বেশি বেশি দুরূদ শরীফ পড়া।
৩. শুক্রবার বাদ আসর নামাজের জায়গায় বসে আশি বার এই দুরূদ শরীফ পড়া।

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدِنِ النَّبِيِّ الْأُمِّيِّ وَعَلٰى اٰلِهٖ وَسَلِّمْ تَسْلِيْمًا

এই দুরূদ শরীফের ফযীলত

হযরত আবু হুরাইরা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যে ব্যক্তি জুম'আর দিন আসরের নামাজের পর ঐ জায়গায় বসা অবস্থায় ৮০বার এই দুরূদ শরীফ পাঠ করবে তার ৮০ বছরের গুনাহ মাফ হয়ে যাবে এবং ৮০ বছর নফল ইবাদাতেরসাওয়াব তার আমল নামায় লেখা হবে।

জুম'আর নামাজের ফযীলত

IQRA ONLINE MADRASA

১. মসজিদের দরজায় দাঁড়িয়ে ফেরেশতারা অগ্রগামীদের নাম তালিকাভুক্ত করেন।
২. দশ দিনের গুনাহ মাফ হয়।
৩. জুম'আর আদব রক্ষাকারীর দশ দিনের গুনাহ মুছে যায়।
৪. প্রতি কদমে কদমে এক বছরের নফল রোজারসাওয়াব অর্জিত হয়।
৫. দুই জুম'আর মধ্যবর্তী সময়ের গুনাহের কাফফারা হয়।

ঈদের নামাজ

ঈদ অর্থ খুশী। পবিত্র রমযান মাসের সিয়াম (রোযা) সাধনার পর শাওয়ালের চাঁদের প্রথম তারিখে যে'ঈদ' হয়,তাকে ঈদুল ফিতর (অর্থাৎ রোযার ঈদ) বলে। এবং জিলহজ্ব চাঁদের ১০ তারিখে এক ঈদ। ইহাকে ঈদুল আযহা (অর্থাৎ কুরবানীর ঈদ)বলে।

জুমু'আর নামাজের মত উভয় ঈদের নামাজে দুইটি করে খোৎবা পড়তে হয়। (পার্থক্য শুধু এই যে, জুমু'আর নামাজের খোৎবা নামাজ আদায়ের পূর্বে এবং উহা ফরয। আর ঈদের নামাজের খোৎবা নামাজ আদায়ের পর এবং উহা সুন্নাত। অবশ্য উভয় নামাজের খোৎবাই শ্রবণ করা ওয়াজিব।

ঈদুল ফিতরের নামাজের নিয়ত

আমি ঈদুল ফিতরের দুই রাকাত ওয়াজিব নামাজ ছয় তাকবীরের সহিত (মুক্তাদী হলে) এই ইমামের পিছনে আদায় করছি।

ঈদুল আযহার নামাজের নিয়ত

আমি ঈদুল আযহার দুই রাকাত ওয়াজিব নামাজ ছয় তাকবীরের সহিত (মুক্তাদী হলে) এই ইমামের পিছনে আদায় করছি।

ঈদের নামাজের সংক্ষিপ্ত নিয়ম

ইদের নামাজের অতিরিক্ত তাকবীর ৬ টি। প্রথম রাকাতে ছানার পর তিনটি এবং ২য় রাকাতের পর রুকুর পূর্বে তিনটি-এ ছয়টি দেওয়া আবশ্যক। (আবু দাউদ শরীফ,হাদিস নং-১১৫০, মুসনাদে ইবনে আবি শায়বা ২/৭৮, ত্বহাবী শরীফ ২/৩৭১)

প্রথম রাকাতে তাকবীরে তাহরীমার পর ছানা পাঠ করাতিন তাকবীর বলতে হয়। প্রথম তাকবীরের সময় উভয় হাত কান পর্যন্ত উঠিয়ে আল্লাহু আকবার বলে হাত ছেড়ে দিবে। দ্বিতীয় তাকবীরের সময়ও অনুরূপ করবে। তৃতীয় তাকবীরের সময় হাত উঠিয়ে আল্লাহু আকবার বলে হাত বেঁধে নিবে।

প্রথম রাকাতের যাবতীয় কার্যক্রম শেষ করে দ্বিতীয় রাকাতে দাড়িয়ে কেরাত শেষ করার পর রুকুর পূর্বে তিন তাকবীর বলবে। এসময় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় তাকবীরে উভয় হাত উঠিয়ে ছেড়ে দিবে। অতঃপর আল্লাহু আকবার বলে রুকুতে চলেযাবে। দ্বিতীয় রাকাত শেষ হওয়ার পর (সালাম ফেরানোর পর) ইমাম সাহেব মিম্বরে উঠে খোৎবা পাঠ করবেন। খোৎবা শোনা ওয়াজিব। খোৎবা শেষ হলে ঈদগাহ হতে বিদায় নিবে।

খোৎবা পড়াকালীন সময়ে কথা বলা, হাটা চলা বা ঘোরাফেরা করা জায়েয নাই।

উল্লেখ্য, কোন ঈদের নামাজে আযান বা ইকামত নাই

বি. দ্র. ঈদুল আযহার সময় উঁচু আওয়াজে তাকবীরে তাশরীক বলতে বলতে ঈদগাহে যাবে। কিন্তু ঈদুল ফিতরের সময় তাকবীরে তাশরীক মনে মনে পড়তে হবে। এটা সুন্নাত।

তাকবীরে তাশরীক

اَللّٰهُ أَكْبَرُ اَللّٰهُ أَكْبَرُ لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ اَللّٰهُ أَكْبَرُ اَللّٰهُ أَكْبَرُ وَلِلّٰهِ الْحَمْدُ

ইদের দিনের পালনীয় সুন্নত সমুহ:

১. অন্যদিনের তুলনায় সকাল - সকাল ঘুম থেকে জাগ্রত হওয়া।
২. মিসওয়াক করা।
৩. গোসল করা।
৪. শরীয়তসম্মত সাজ-সজ্জা করা।
